



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/১০৫২

তারিখঃ ০২/১০/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৯৬ তম কমিশন সভা অদ্য ০২/১০/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. Premier LP Gas Limited (অ-তালিকাভুক্ত) অনুমতি ছাড়া দুই দফায় (১১/০৬/২০০১ তারিখে টাঃ ৯.৩৮ কোটি থেকে ২৪.৯৮ কোটি টাকা এবং ২৮/১১/২০০২ তারিখে ২৪.৯৮ কোটি টাকা থেকে ৪৩.৬২ কোটি টাকা) মূলধন উত্তোলন (capital raising) করার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 2A(2)(a) এবং Section 22 ভঙ্গ করায় উক্ত কোম্পানীকে সভায় ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
২. এছাড়াও সভায় Bangladesh Finance and Investment Company Limited এর রাইট শেয়ার (৩৪৫ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ৫টি সাধারণ শেয়ারের বিপরিতে ৩টি রাইট শেয়ার) ইস্যুর অনুমোদন প্রদান করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে Bangladesh Finance and Investment Company Limited কে কমিশন ৩,৯০,০৮,৫১৫ টি সাধারণ শেয়ার প্রতিটি অভিহিত মূল্যে (face value) অর্থাৎ টাঃ ১০ মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ৩৯,০০,৮৫,১৫০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে তা মূলধনের পর্যাপ্ততা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী BASEL-II এর শর্ত পূরণ তথা মূলধন ভিত্তি শক্তিশালী করণের লক্ষ্যে ব্যবহার করবে। এই রাইট শেয়ার ইস্যুর ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছে Alliance Financial Services Ltd.।
৩. Janata Insurance Co. Ltd. এর আবেদনের প্রেক্ষিতে কমিশন উক্ত কোম্পানীর শেয়ারের অভিহিত মূল্য (face value) ১০০ টাকা থেকে ১০ টাকা করার প্রস্তাবে অনুমোদন দিয়েছে। এছাড়াও কোম্পানীর শেয়ারের মার্কেট লট ২০ টি থেকে পরিবর্তন করে ২০০ টিতে উন্নীত করার প্রস্তাবেও কমিশন অনুমতি প্রদান করেছে। উল্লেখ্য, মাননীয় সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিজ্ঞ আদালত ১৯/০৬/২০১২ তারিখের এক আদেশের মাধ্যমে কোম্পানীর ২৫ তম বার্ষিক সাধারণ সভা বিলম্বে অনুষ্ঠানের অনুমতি প্রদান করে। পরবর্তীতে Janata Insurance Co. Ltd. আনুসাংগিক কার্যাদি সম্পাদন শেষে কমিশনের নিকট শেয়ারের অভিহিত মূল্য এবং মার্কেট লট পরিবর্তনের জন্য আবেদন করে।


০২/১০/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র